

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(২০২৬ ইং সনের ১৪৩ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৪ জুন ২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইল :

১.

বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী

এবং

বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজা

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অগ্রাধিকার ভিত্তিতে শুধুমাত্র নারী ও শিশু নির্যাতন দমন আইন সংক্রান্ত মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভূত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র; উক্ত রায় হইতে উদ্ভূত ফৌজদারী বিবিধ ও ফৌজদারী রিভিশন যদি থাকে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ১০ জুন ২০২৬ খ্রি।

প্রচারের জন্যঃ

১. বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী
২. বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজা